# চট্টগ্রামে বন্যাদুর্গত পরিবারের মাঝে ত্রাণ বিতরণ জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বন্যাকবলিত এলাকা পরিদর্শন করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (১০ জুলাই) সকালে উপজেলার কালীপুরের লাব্বার দোকান এলাকায় গিয়ে তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর খোঁজখবর নেন এবং তাদের সঙ্গে কথা বলেন।

এ সময় জামায়াতের নিজস্ব তহবিল থেকে বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে আর্থিক সহায়তা ও ত্রাণ বিতরণ করা হয়।

পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ডা. শফিকুর রহমান বলেন, বাঁশখালীর দীর্ঘদিনের বন্যা সমস্যার স্থায়ী সমাধানে বিরোধীদলের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে সমন্বয় করে এলাকার অবকাঠামোগত উন্নয়ন ও জনগণের জীবনমান উন্নয়নে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য শাহাজাহান চৌধুরী, স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং জামায়াতের জেলা ও উপজেলা পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।